দৈনিক ইত্তেফাক
তারিখ ... AUG. 26 1999
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# বুয়েটের সুযোগ সুবিধা



বুয়েট ক্যাম্পাস

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বা BUET-এ এবারও অন্যবারের মত প্রথমেই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। কাজেই হাতে খুব বেশী সময় নেই। বিজ্ঞান শাখার বন্ধুরা, তোমরা জেনে নাও বুয়েটের ভর্তি পরীক্ষার খবরা-খবর এবং কি বিষয়ে প্রস্তুতি নিবে।

বুয়েটের নিয়ম অনুযায়ী যে সব ছাত্র-ছাত্রী ১৯৯৮ ও ১৯৯৯ সনে H. S. C বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থ ও রসায়নে গড়ে ৬০% এবং আলাদা আলাদাভাবে প্রতিটি বিষয়ে ৫০%নম্বর পেয়েছে তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে। এ আবেদনগুলো থেকে কর্তৃপক্ষ সর্বোচ্চ মেধার ভিত্তিতে ৪৫০০ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিয়ে থাকেন। ৬০০ নম্বরের পরীক্ষা ৩ ঘন্টায় অনুষ্ঠিত হয়। গণিত, রসায়ন ও পদার্থে ১৮০ করে মোট ৫৪০ এবং ইংরেজীতে ৬০ নম্বরের প্রশ্ন করা হয়। এছাড়া শুধুমাত্র স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষার্থীদের আরও অতিরিক্ত ১৮০ নম্বরের মুক্তহস্ত অংকন পরীক্ষায় অংশ নিতে হয়।

এবার জেনে নেয়া যাক কোন্ বিষয়ে কোন্ অধ্যায় পড়তে হবে।

গণিত ঃ গণিতে প্রায় সব অধ্যায় থেকে প্রশ্ন করা হয়। যে অধ্যায়গুলো H.S.C তে পড়নি সেগুলো এখনি পড়ে নাও। এরপর বার বার প্রাকটিস কর। বীজগণিত, জ্যামিতি, ত্রিকোণমিতি, ক্যালকুলাস, গতি ও স্থিতি থেকে গড়ে ৩/৪টি করে প্রশ্ন থাকে। জনমিতির সূত্রগুলো ভালমত জেনে রাখ। মোট প্রশ্ন থাকে ১৮টি। প্রতিটির মান ১০।

রসায়ন ঃ রসায়নের যত অংক আছে উদাহরণসহ ভালভাবে করতে হবে। প্রতিটি অধ্যায় বার বার অনুশীলন ও অধ্যয়ন কর। বিভিন্ন ধাতু ও সঙ্করের নাম ও প্রযুক্তি, প্রতীক সংকেত যোজ্যতা, রাসায়নিক সমীকরণ, পরমাণুর গঠন, রাসায়নিক বিক্রিয়া ও প্রভাব, শনাক্তকরণ পরীক্ষা, এসিড ক্ষারক লবণ, জারণ বিজারণ, গ্যাসের সূত্র, পারমাণবিক ওজন, এসিডিমিতি ও এলকামিতি, ওজোন, হাইড্রোজেন, পানি, হ্যালোজেন, সোডিয়াম, কপার, ক্যালসিয়াম, এ্যালুমিনিয়াম, এ্যালকিন, ইথার, বেনজিন, টলুইন প্রভৃতির উপর গুরুত্ব দাও। যে সব অধ্যায় H.S.C-তে পড়নি সেগুলো ভালমত পড়ে নাও। রসায়নেও মোট প্রশ্ন থাকে ১৮ টি। প্রতিটির মান ১০।

পদার্থ ঃ পদার্থের সবগুলো অধ্যায় থেকেই অংক বা কোন কোন ক্ষেত্রে প্রশ্ন থাকে যেগুলো প্রায়শঃই জটিল। তাই প্রতিটি অধ্যায় ভালমত পড়তে হবে। অংকসহ অন্যান্য প্রশ্ন সম্পর্কে সুস্পষ্ট ধারণা রাখতে হবে। পদার্থেও মোট প্রশ্ন থাকে ১৮টি। প্রতিটির মান ১০।

ইংরেজী ঃ Chang[illegible] Sentence, Right from of verbs, Approppiate prep[illegible] Idioms and phrases, Translations, Voice, Narratio[illegible] Speech, Corrections প্রভৃতি থেকে প্রশ্ন করা হয়। এ [illegible] বাড়াও। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, S.S.C ও H.S[illegible] এর অধিক নম্বর পেয়েও বুয়েটে চান্স না পাওয়ার অনেক নজির [illegible] সময় থাকতে সতর্ক হও।